"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮-২৭২ তারিখ: ০৫.০৯.২০১৯ খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৮২৩১/২০০৫ এর ১৩.১২.২০১০ খ্রি: তারিখের রায় এবং সুপ্রিম কোর্টের আপীল নং-১২০৩/২০১১ এর ০৭.০১.২০১৬ খ্রি: তারিখের আদেশ অনুযায়ী গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধাপাচিলা এম, ইউ, দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: খোরশেদ আলমকে মে/২০০৪ হতে মে/২০১৩ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি প্রদানের নির্দেশনা প্রদান করায় তাঁকে সহকারী মৌলভীর প্রারম্ভিক কোড ১১ গ্রেড হতে ১০ম গ্রেডে এমপিও প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১২.১৯-২০৬ তারিখ: ১১.০৪.২০১৯খ্রি:।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৬০.১৮-১৯৪ তারিখ: ১৯.০৫.২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৮২৩১/২০০৫ এর ১৩.১২.২০১০ খ্রি: তারিখের রায় এবং সুপ্রিম কোর্টের আপীল বিভাগে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১২০৩/২০১১ এর ০৭.০১.২০১৬ খ্রি: তারিখের আদেশ অনুযায়ী গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধাপাচিলা এম, ইউ, দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: খোরশেদ আলম (ইনডেক্স নং-০৯২৮৮১) কে মে/২০০৪ মাস হতে মে/২০১৩ মাস পর্যন্ত সময়ের বকেয়া এমপিও প্রদানের নিমিত্ত সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মর্মমতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে নির্দেশনা দেয়া হয়।

০২. প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মো: খোরশেদ আলম সহকারী মৌলভী পদে বর্ণিত মাদ্রাসায় ০৩.০১.১৯৮৩ খ্রি: তারিখে যোগদান করেন এবং ১৯৮৩ সাল থেকে অনুদানভুক্ত হন। এমপিওর কপি প্রবর্তন হলে নভেম্বর/১৯৮৫ মাসে তাঁর নাম এমপিও শীটে সহকারী মৌলভীর গ্রেডে মুদ্রিত হয়েছে মর্মে জানা যায়।

০৩. প্রাপ্ত তথ্য পর্যালোচনায় আরো দেখা যায় যে, সহকারী মৌলভী জনাব মো: খোরশেদ আলম এর নাম ২০০৪ সালে এমপিওর কপি থেকে কর্তন হয়ে গেলে উক্ত কর্তন আদেশকে চ্যালেঞ্জ করে বর্ণিত শিক্ষক মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের করেন যার নং-৮২৩১/২০০৫। উক্ত রিট পিটিশন মামলার রায় পিটিশনারের পক্ষে হওয়ায় বর্ণিত মাদ্রাসার সুপার কর্তৃক উক্ত রায়কে চ্যালেঞ্জ করে মহামান্য সুপ্রিম কোর্টে আপীল দায়ের করা হয় যার নং-১২০৩/২০১১। উক্ত আপীল মামলাটি খারিজ হয়ে যাওয়ায় হাইকোর্টের রায় বহাল থাকে।

০৪. মহামান্য হাইকোর্টের উক্ত রায় বহাল থাকায় অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী মহাপরিচালক, মাউশি অধিদপ্তর কর্তৃক জনাব মো: খোরশেদ আলম সহকারী মৌলভীকে নভেম্বর/২০১১ মাসে পুন: এমপিওভুক্ত করা হয় মর্মে জানা যায়। সর্বশেষ এমপিও এর কপি পর্যালোচনায় দেখা যায় যে, তিনি বর্তমানে ১১ কোডে এমপিও পাচ্ছেন।

০৫. যেহেতু জনাব মো: খোরশেদ আলম ১৯৮৩ সালে সহকারী মৌলভী পদে চাকুরীতে প্রবেশ করে বিধি মোতাবেক এমপিওভুক্ত হন এবং যেহেতু মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৮২৩১/২০০৫ মামলা এবং সুপ্রিমকোর্টের আপীল নং-১২০৩/২০১১ মামলার রায়ের প্রেক্ষিতে তাঁর নাম এমপিওতে পুন: সংযোজনক্রমে মে/২০০৪ হতে মে/২০১৩ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি প্রদানের নির্দেশনা বাস্তবায়িত হয়েছে সেহেতু তাঁর বেতন কোড ১১ গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত করা আবশ্যক।

০৬. এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৮২৩১/২০০৫ এর ১৩.১২.২০১০ খ্রি: তারিখের রায় এবং সুপ্রিম কোর্টের আপীল নং-১২০৩/২০১১ এর ০৭.০১.২০১৬ খ্রি: তারিখের আদেশ অনুযায়ী গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধাপাচিলা এম, ইউ, দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: খোরশেদ আলমকে মে/২০০৪ হতে মে/২০১৩ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি প্রদানের নির্দেশনা প্রদান করায় তাঁকে সহকারী মৌলভীর প্রারম্ভিক কোড ১১ গ্রেড হতে ১০ম গ্রেডে এমপিও প্রদান করার বিধি মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহন করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫/০৯/১৯
মোহাম্মদ হেলাল উদ্দীন
সহকারী পরিচালক (অডিট ও আইন)
(প্রতিকল্প কর্মকর্তা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সিস্টেম এনালিষ্ট
মাদ্রাসা এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (মেমিস)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৪. সভাপতি, ধাপাচিলা এম, ইউ, দাখিল মাদ্রাসা, ডাক: শোভাগঞ্জ, উপজেলা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা।
০৫. সুপার, ধাপাচিলা এম, ইউ, দাখিল মাদ্রাসা, ডাক: শোভাগঞ্জ, উপজেলা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা।
০৬. জনাব মো: খোরশেদ আলম, সহকারী মৌলভী, ধাপাচিলা এম, ইউ, দাখিল মাদ্রাসা, ডাক: শোভাগঞ্জ, উপজেলা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা।
০৭. অফিস কপি/ মাষ্টার কপি।